

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৪৪৪

তারিখ: ৩ পৌষ ১৪৩০

১৮ ডিসেম্বর ২০২৩

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং- ৪৫২/২০২৩
পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, যশোর গত ১৮/০৯/২০১৭ তারিখ সরকারিকরণ করা হয়। সরকারিকরণ করার পর সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীগণ সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা পাওয়ার যোগ্য। কিন্তু সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীগণ প্রাপ্য বেতনের অতিরিক্ত অর্থ প্রতিষ্ঠান হতে উত্তোলন করেছেন, যা বিধি মোতাবেক ফেরতযোগ্য। জনাব মো: শাহজাদা আলী নেওয়াজ, প্রভাষক (পরিসংখ্যান), যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, যশোর এবং গং উক্ত শিক্ষা প্রতিষ্ঠান হতে অতিরিক্ত অর্থ মাসিক কিস্তিতে কর্তনপূর্বক বেতন ছাড়করণ সংক্রান্ত সরকারি আদেশের বিরুদ্ধে সংস্কৃদ্ধ হয়ে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৪৫২/২০২৩ দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ ০৮ (আট) জন-কে বিবাদী করা হয়েছে। বিবাদীগণকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠ সহ (যদি থাকে) অনুলিপি সহকারে ০২ (দুই) প্রস্ত উক্ত প্রশাসনিক ট্রাইব্যুনালে দাখিল করার নির্দেশনা রয়েছে।

০২। এমতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৪৫২/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং- ৪৫২/২০২৩-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
- (গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৮-১২-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৪৪৪/১(৩)


তারিখ: ৩ পৌষ ১৪৩০
১৮ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা

২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা



১৮-১২-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব